



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫০.৩২.০০১.২১.৯৬

তারিখ: ২৬ কার্তিক ১৪২৯

১১ নভেম্বর ২০২২

বিষয়: খাদ্যবান্ধব কর্মসূচির ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন কার্যক্রমে আপলোডযোগ্য ভোক্তার সংখ্যা পুনরায় নির্ধারণ বিষয়ক।

সূত্র: (১) জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর এর ০২/১১/২০২২ তারিখের ৩০ নং স্মারক।

(২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নওগাঁ এর ০৩/১১/২০২২ তারিখের ২০৯ নং স্মারক।

(৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ০৩/১১/২০২২ তারিখের ৪৯২৩ নং স্মারক।

(৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জ এর ০৩/১০/২০২২ তারিখের ১৪০৭ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ ১ নং হতে ৪ নং স্মারকে সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ তাদের সংশ্লিষ্ট উপজেলার খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের তালিকা ডিজিটাল ডাটাবেজে আপলোডের সময় ভোক্তার সংখ্যা কম/বেশি আপলোড করা হয়েছে মর্মে জানান এবং ইউনিয়নভিত্তিক ভোক্তার তালিকা সঠিক রাখার নিমিত্ত ডাটাবেজে ভোক্তা আপলোড/বাদ দেওয়ার অনুমোদনের জন্য অনুরোধ করেছেন।

উল্লেখ্য, খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজ প্রণয়নের লক্ষ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ কর্তৃক প্রথম পর্যায়ে ৩০/০৮/২০২২ তারিখের সর্বশেষ ভোক্তা তালিকা আপলোডের সিদ্ধান্ত থাকলেও, কয়েকটি উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নে উক্ত তালিকার চেয়ে কিছু কম/বেশি সংখ্যক ভোক্তা আপলোড করা হয়েছে মর্মে পরিলক্ষিত হয়। ফলে, বর্তমানে যাচাইয়ে বাদ পড়া ভোক্তার স্থলে নতুন ভোক্তা অন্তর্ভুক্তির ক্ষেত্রে ইউনিয়নের মোট প্রাপ্য ভোক্তার সংখ্যা নিয়ে সংশয় সৃষ্টি হচ্ছে। এ পরিপ্রেক্ষিতে, সফটওয়্যারে উপজেলাগুলোর অনুমোদিত ভোক্তার সংখ্যা সংযুক্ত করার জন্য সফটওয়্যারে নতুন অপশন তৈরির বিষয়ে সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান বেক্সিমকো কম্পিউটারস লিঃ কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ তাদের সংশ্লিষ্ট উপজেলার উপজেলা খাদ্যবান্ধব কমিটি কর্তৃক অনুমোদিত এপ্রিল/২২ মাসের ইউনিয়নভিত্তিক ভোক্তার সংখ্যা সফটওয়্যারে উল্লেখ করবেন। ফলে, একটি উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নগুলোর ভোক্তা সংখ্যার সমষ্টি কখনোই সফটওয়্যারে উল্লিখিত উপজেলার মোট অনুমোদিত ভোক্তা সংখ্যাকে অতিক্রম করতে পারবে না। সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান বেক্সিমকো কম্পিউটারস লিঃ কে ডাটাবেজের সফটওয়্যারে আগামী ১১/১১/২০২২ তারিখের মধ্যে প্রয়োজনীয় অপশন যোগ করবার নির্দেশনা দেওয়া হয়েছে। আশা করা যাচ্ছে, সফটওয়্যার হালনাগাদ সাপেক্ষে আগামী ১২/১১/২০২২ তারিখ হতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ সফটওয়্যারে ইউনিয়নভিত্তিক প্রকৃত ভোক্তার সংখ্যা এন্ট্রি দেওয়া শুরু করতে পারবেন। এর ফলে প্রথম পর্যায়ে ইউনিয়নভিত্তিক আপলোডকৃত ভোক্তার সংখ্যা কম/বেশি হয়ে থাকলে তা উপজেলা খাদ্য নিয়ন্ত্রক পর্যায়ে সংশোধন করা যাবে।

এমতাবস্থায়, খাদ্যবান্ধব কর্মসূচির ডিজিটাল ডাটাবেজে উপজেলাগুলোর অনুমোদিত ভোক্তার সংখ্যা অনুযায়ী ইউনিয়নভিত্তিক ভোক্তার সংখ্যা এন্ট্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক (গ্রেড-১) এর অনুমোদন রয়েছে।

১২-১১-২০২২

তপন কুমার দাস

পরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: +৮৮-০২-৪১০৫০০৯১

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৮৫০৯০

ইমেইল: dsdm@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,  
ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫০.৩২.০০১.২১.৯৬/১(৬৬)

তারিখ: ২৬ কার্তিক ১৪২৯  
১১ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) সিস্টেম এনালিস্ট, ঢাকা।
- ৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), .....
- ৪) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৫) জনাব সাজাদ ওয়াহিদ, সিস্টেম এডমিনিস্ট্রেটর, বুয়েট
- ৬) জনাব মঙ্গুরুল করিম খান, প্রকল্প পরিচালক, বেক্সিমকো কম্পিউটারস লিঃ
- ৭) জনাব শরীফ মোহাম্মদ শাহীন, সিনিয়র অ্যাপ্লিকেশন স্পেশালিস্ট, বেক্সিমকো কম্পিউটারস লিঃ

১২-১১-২০২২

রিয়াজ মাহমুদ

উপপরিচালক



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়

খাগড়াছড়ি পার্বত্য জেলা

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.৪৬০০.০০২.৫৮.০১২.২২.২২২৬

তারিখ: ২৮ কার্তিক ১৪২৯  
১৩ নভেম্বর ২০২২

অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১৩-১১-২০২২

সুমাইয়া নাজনীন

জেলা খাদ্য নিয়ন্ত্রক

ফোন: ০২৩৩৩৩৪৩৮৬০

ফ্যাক্স: ০২৩৩৩৩৪৩১১

ইমেইল: dcf.kgr@dgfood.gov.bd

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) .....

খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নম্বর: ১৩.০১.৪৬০০.০০২.৫৮.০১২.২২.২২২৬/১

তারিখ: ২৮ কার্তিক ১৪২৯  
১৩ নভেম্বর ২০২২

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হল

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩) অফিস কপি।

১৩-১১-২০২২

সুমাইয়া নাজনীন

জেলা খাদ্য নিয়ন্ত্রক